26 MAR 1998

তারিখ 26 MAR 1998
পৃষ্ঠা ১ কলাম ৩

84

দৈনিক সংবাদ

দৈনিক সংবাদ

সংসদে বিল পাস

# বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে ৫ কোটি টাকার রিজার্ভ ফান্ড লাগবে

(সংসদ বার্তা পরিবেশক)

জাতীয় সংসদে গতকাল বুধবার বেসরকারি বিশ্ববিদ্যালয় (সংশোধন) বিল ১৯৯৮ পাস হয়েছে। বিকেল সাড়ে ৫টায় কণ্ঠভোটে বিলটি পা হওয়ার পর অধিবেশনে সভাপতিত্বকারী ডেপুটি স্পিকার আবদুল হামিদ সংসদের বৈঠক ২৯শে মার্চ সকাল ১০টা পর্যন্ত মুলতবি ঘোষণা করেন।

বেসরকারি বিশ্ববিদ্যালয় সংক্রান্ত নয়া আইনানুযায়ী এখন থেকে কোন বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করতে হলে ৫ কোটি টাকা রিজার্ভ ফান্ড কোন ব্যাংকে জমা রাখতে হবে। ৫ বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব জমি দেখাতে হবে।

ফান্ড ঃ পৃঃ ১১ কঃ ৪

## ফান্ড ঃ লাগবে

(১ম পৃষ্ঠার পর)

এছাড়া একই নামে একাধিক বিশ্ববিদ্যালয়ের নামকরণ করা যাবে না। আওয়ামী লীগ দলীয় সাংসদ মোশাররফ হোসেনের দু'টি এবং বিএনপি দলীয় মসিউর রহমানের একটি সংশোধনী প্রস্তাব গৃহীত হওয়ার মাধ্যমে নয়া আইনটি পাস হয়।

বিলের উপর জনমত যাচাই, বাছাই কমিটিতে প্রেরণ এবং দফাওয়ারি সংশোধনী প্রস্তাব এনে বিএনপি ও জাতীয় পার্টির ২০ জনেরও বেশি সাংসদ বক্তৃতা করেন। বিএনপি দলীয় সাংসদরা ১ কোটির জায়গায় ৫ কোটি টাকা রিজার্ভ ফান্ড জমা এবং ৫ একর জমি দেখানোর বিধানের সমালোচনা করে বলেন, এতে সরকারের শিক্ষা সংকোচন নীতি প্রমাণিত হয়। তারা সরকারের বিরুদ্ধে সন্ত্রাস ও দলীয়করণসহ বিভিন্ন দিক তুলে সমালোচনা করেন।

শিক্ষামন্ত্রী জানান, ১৬টি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মধ্যে ২টির কার্যক্রম এখনো শুরু হয়নি। এই ১৬টি বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীর সংখ্যা ১০ হাজারের বেশি নয়।

তিনি আরো জানান, সরকার ১২টি নয়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করবে। ইতোমধ্যেই প্রকল্প পাস হয়েছে।